

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।

নম্বর ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০১১.২০.৪৯৪

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৯
১৪ সেপ্টেম্বর ২০২২


বিজ্ঞপ্তি

বিষয়: আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সেবার জন্য নির্ধারিত ফিস/চার্জ এবং মূল্য সংযোজন কর প্রদানের ক্ষেত্রে ম্যানুয়াল চালান রহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সেবার জন্য নির্ধারিত ফিস/চার্জ এবং মূল্য সংযোজন কর টি.আর চালানে বাংলাদেশ ব্যাংক এবং সোনালী ব্যাংক লিমিটেড এর মাধ্যমে সেবাগ্রহীতাগণ ম্যানুয়াল ও অনলাইন পদ্ধতিতে জমা প্রদান করে আসছেন। ম্যানুয়াল পদ্ধতিতে জমাকৃত টি.আর চালান পরবর্তী কার্যদিবসে দুপুর ১২.০০ ঘটিকার পর অনলাইনে সিজিএ অফিসের ওয়েবসাইটে যাচাই করার পরে সিসিআইএন্ডই কর্তৃক আবেদন নিষ্পত্তি করা হচ্ছে। সেক্ষেত্রে আবেদন নিষ্পত্তি করতে সময় বেশি লাগছে এবং গ্রাহকদের চালান জমা দিতেও সমস্যা হচ্ছে।

২। এমতাবস্থায়, উদ্ভূত সমস্যা সমাধানে ও দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে আগামী ০১ অক্টোবর ২০২২ তারিখ হতে ম্যানুয়াল চালান রহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সেবাগ্রহীতাগণ Online licensing Module(OLM) এর মাধ্যমে তাদের কাঙ্ক্ষিত সেবার জন্য অনলাইনে আবেদন করার সময় নির্ধারিত ফিস/চার্জ বা মূল্য সংযোজন কর অনলাইনেই জমা প্রদান করতে পারবেন। যে কোন ব্যাংকের একাউন্ট, ক্রেডিট/ডেবিট কার্ড এবং মোবাইল ব্যাংকিং(বিকাশ, রকেট, নগদ, ইউক্যাশ, শিওরক্যাশ ইত্যাদি) এর যেকোন একটি ব্যবহার করে ঘরে বসেই অনলাইনেই সেবার জন্য নির্ধারিত ফিস/চার্জ এবং মূল্য সংযোজন কর পরিশোধ করবেন। অনলাইনে জমাকৃত ফিস/চার্জ বা মূল্য সংযোজন কর সংক্রান্ত তথ্য রিয়েল টাইমে অনলাইনে যাচাই করা যাবে বিধায় তাৎক্ষণিকভাবেই কাঙ্ক্ষিত সেবা প্রদান করা সম্ভব হবে।

৩। বর্ণিত অবস্থায়, আগামী ০১ অক্টোবর ২০২২ তারিখ হতে সকল ধরনের ম্যানুয়াল চালান রহিত করা হলো এবং সকল সেবাগ্রহীতাকে অনলাইনেই ফিস/চার্জ এবং মূল্য সংযোজন কর পরিশোধ করতে অনুরোধ করা হলো।



১৪-৯-২০২২

মোহাম্মাদ মাহমুদুল হক

উপ নিয়ন্ত্রক

ফোন: 02-9551556

ফ্যাক্স: 02-9550217

ইমেইল:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল) ।
- ২) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ই- ৬/বি, আগারগাঁও , শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল , ঢাকা- ১০০০ (দৃঃআঃ পরিচালক, ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক
- ৪) তফসিলভুক্ত সকল ব্যাংককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ) ।
- ৫) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬) ম্যানেজিং ডিরেক্টর, সোনালী ব্যাংক লিমিটেড , প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০ (অত্র দপ্তরের যে কোন ফিস/চার্জ ম্যানুয়াল পদ্ধতিতে গ্রহণ না করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৭) প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন , ৬০, মতিঝিল, ঢাকা (সকল চেয়ার/ট্রেড এসোসিয়েশনকে অবগত করার অনুরোধসহ)।
- ৮) প্রকল্প পরিচালক (সকল),
- ৯) একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
- ১০) সভাপতি(সকল চেয়ার),